

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৮৪০

৮/ याकां (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ ৮/২৬. সচ্ছল হওয়া সত্ত্বেও যে ব্যক্তি যাচঞা করে।

بَابِ مَنْ سَأَلَ عَنْ ظَهْرِ غِنًى

### আরবী

حَدَّتَنَا الْحَسَنُ بْنُ عَلِي الْخَلَّالُ حَدَّتَنَا يَحْيَى بْنُ آدَمَ حَدَّتَنَا سُفْيَانُ عَنْ حَكِيمِ بْنِ جُبَيْرٍ عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ اللهِ بْنِ مَسْعُودِ قَالَ قَالَ رَسُولُ عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ اللهِ بْنِ مَسْعُودِ قَالَ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم مَنْ سَأَلَ وَلَهُ مَا يُغْنِيهِ جَاءَتْ مَسْأَلَتُهُ يَوْمَ الْقِيَامَةِ خُدُوشًا أَوْ خُمُوشًا أَوْ خُمُوشًا أَوْ كُدُوحًا فِي وَجْهِهِ قِيلَ يَا رَسُولَ اللهِ وَمَا يُغْنِيهِ قَالَ خَمْسُونَ دِرْهَمًا أَوْ خُمُوشًا أَوْ قَيَانُ إِنَّ شُعْبَةَ لَا يُحَدِّثُ عَنْ حَكِيمٍ بْنِ جُبَيْرٍ » فَقَالَ سُفْيَانُ إِنَّ شُعْبَةَ لَا يُحَدِّثُ عَنْ حَكِيمٍ بْنِ جُبَيْرٍ » فَقَالَ سُفْيَانُ إِنَّ شُعْبَةَ لَا يُحَدِّثُ عَنْ حَكِيمٍ بْنِ جُبَيْرٍ » فَقَالَ سُفْيَانُ قَدْ حَدَّتَنَاهُ زُبَيْدٌ عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَزِيدَ.

#### বাংলা

৩/১৮৪০। 'আবদুল্লাহ্ ইবনু মাস'উদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যার স্থনির্ভর থাকার মত সম্পদ থাকা সত্ত্বেও (অন্যের কাছে কিছু) চায়, সে কিয়ামতের দিন আহত মুখমুন্ডলসহ হাযির হবে। জিজ্ঞেস করা হলো, হে আল্লাহর রস্ল! স্বচ্ছলতার সীমা কতটুকু? তিনি বলেনঃ পঞ্চাশ দিরহাম অথবা তার সমমূল্যের সোনা। এক ব্যক্তি সুফ্ইয়ানকে বললো, ভ'বাহ তো হাকীম ইবনু জুবাইরের সূত্রে হাদীস বর্ণনা করেন না। তখন সুফ্ইয়ান বললেন, আমার নিকট এ হাদীস যায়দ (রহ.) মুহাম্মাদ ইবনু 'আবদুর রহমানের সূত্রে বর্ণনা করেছেন।

## **English**

Abdullah bin Mas'ud narrated that:

the Messenger of Allah said: "Whoever begs when he has enough to suffice him, his begging will come on the Day of Resurrection like lacerations on his face." It was said: "O Messenger of Allah, what is sufficient for him?" He said: "Fifty Dirham or their value in gold."



## ফুটনোট

তিরমিয়ী ৬৫০, নাসায়ী ২৫৯২, আবু দাউদ ১৬২৬, আহমাদ ৩৬৬৬, ৪১৯৫, ৪৪২৬, দারেমী ১৬৪০, সহীহাহ ৪৯৯।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী হাকিম বিন জুবায়র সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল ও ইদতিরাব করেন। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল ও মুনকার। ইমাম নাসাঈ বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, কোন সমস্যা নেই। (তাহযীবুল কামালঃ রাবী নং ১৪৫২, ৭/১৬৫ নং পৃষ্ঠা) উক্ত হাদিসটি সহিহ কিন্তু হাকিম বিন জুবায়র এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ৩৩২ টি শাহিদ হাদিস রয়েছে, তন্মধ্যে ৩৩ টি জাল, ৪৯ টি অধিক দুর্বল, ৭৮ টি দুর্বল, ৮৬ টি হাসান, ৮৬ টি সহিহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ বুখারী ১৪৭৫, মুসলিম ১০৪২, ১০৪৩, তিরমিয়ি ৬৫০, আবু দাউদ ১৬২৬, ১৬২৭, ১৬২৯, দারিমী ১৬৪০, ১৬৪৫, আহমাদ ১২৫৬, ৩৬৬৬, ৪১৯৫, ৪৪২৬, ৪৬২৪, ৫৫৮৪, দারাকুতনী ১৯৮০, ১৯৮১, ১৯৮২, ১৯৮৩, ১৯৮৫ ইত্যাদি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন